সকল বোর্ড-২০১৮

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৯ ৩

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ: ব্যাংকিং

১. ▶ 'Y' ব্যাংক দেশের বিভিন্ন জায়গায় তার শাখা স্থাপন করে জনগণের কাছ থেকে আমানত সংগ্রহ করে এবং ঋণদান করে। এই ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন করা। অপরপক্ষে Z ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়। এই ব্যাংক ঋণ নিয়ন্ত্রণে ভূমিকা রাখে। দেশে দ্রব্যসামগ্রীর দাম বাড়তে থাকলে তা নিয়ন্ত্রণে Y ব্যাংকটি Z ব্যাংককে সহযোগিতা করে।

ক. ব্যাংক কাকে বলে? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'Y' ব্যাংক কোন ধরনের ব্যাংক? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংক দুটির মধ্যে কোনটি দেশের অর্থনৈতিক উন্নয়নে মূল ভূমিকা পালন করে? বিশ্লেষণ করো। ৪

২. ▶ ঋণের আধিক্য ও স্বল্পতা উভয়ই দেশের জন্য ক্ষতিকর। উভয় অবস্থায় দেশের উৎপাদন, বিনিয়োগ ও অর্থনৈতিক উন্নয়ন চরমভাবে ব্যাহত হয়। এ অবস্থা থেকে পরিত্রাণ পেতে ঋণ নিয়ন্ত্রণ আবশ্যক। সরকার একটি ব্যাংককে ঋণ নিয়ন্ত্রণের দায়িত্ব দেয়। ব্যাংকটি সুদের হার বাড়িয়ে-কমিয়ে ঋণ নিয়ন্ত্রণের চেষ্টা করছে। ফলে দেশে ঋণ নিয়ন্ত্রণে কার্যকর প্রভাব লক্ষ করা যাচ্ছে।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১

খ. ঋণের শেষ আশ্রয়স্থল কোন ব্যাংককে বলা হয় এবং কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি ঋণ নিয়ন্ত্রণে কোন পদ্ধতি ব্যবহার করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকটির ঋণ নিয়ন্ত্রণের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৩. ▶ জনাব অরমান একজন ব্যবসায়ী। তিনি জুতার কারখানা স্থাপনের লক্ষ্যে X ব্যাংক লি. নামক একটি বাণিজ্যিক ব্যাংকের কাছে ১৫ বছর মেয়াদি ৫

https://teachingbd24.com

(পাঁচ) কোটি টাকা ঋণের আবেদন করলে ব্যাংক তা দিতে অসম্মতি জানায়। এতে তিনি ব্যাংকটির উপর ক্ষুব্ধ হন এবং অন্য একটি ব্যাংকে ঋণের আবেদন করেন।

ক. বাণিজ্যিক ব্যাংকের সংজ্ঞা দাও। ১

খ. 'বাণিজ্যিক ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে।' —ব্যাখ্যা করো। ২

গ. X ব্যাংক লি. কোন নীতি লঙ্ঘিত হওয়ার আশঙ্কায় জনাব আরমানকে ঋণ দিতে অসম্মতি জানায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আরমানকে X ব্যাংক লি. কর্তৃক ১৫ বছর মেয়াদি ঋণ দিতে অপারগতা কতটুকু বাস্তবসম্মত বলে তুমি মনে করো? ৪

৪. ▶ জনাব তানভীর আহমেদ একজন ব্যবসায়ী। তার HL ব্যাংকে একটি সঞ্চয়ী হিসাব আছে। তিনি এই হিসাবটি তার ব্যবসায়িক লেনদেনে ব্যবহার করতে পারবেন কিনা এ বিষয়ে ব্যাংক ব্যবস্থাপকের পরামর্শ চাইলে, ব্যবস্থাপক তাকে অন্য একটি ব্যাংক হিসাব খোলার পরামর্শ দেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা করো। ২

গ. জনাব তানভীর আহমেদের সঞ্চয়ী হিসাবটি কেন ব্যবসায়িক লেনদেনে উপযুক্ত নয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের ব্যবস্থাপক জনাব তানভীর আহমেদকে যে হিসাব খুলতে পরামর্শ দিয়েছেন তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫. ▶ সিলেটের ব্যবসায়ী জনাব আলহাজ্ব ঢাকার নিউ মার্কেটের পাইকারি জনাব করিমকে ৫ (পাঁচ) লক্ষ টাকার একটি চেক দেন। জনাব করিম তার নামে ১ ফেব্রুয়ারি ২০১৭ সালে ইস্যুকৃত চেকটি ২০ আগস্ট ২০১৭ সালে ব্যাংকে তার হিসাবে জমা দিতে গেলে ব্যাংক টাকা দিতে অপারগতা প্রকাশ করে।

ক. দাপকাটা চেক কী? ১

খ. চেকের অ্যাকসেপ্টার কে? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত চেকটির টাকা দিতে ব্যাংকের অপারগতার কারণ ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব করিমের পক্ষে তার প্রাপ্য টাকা আদায় করা সম্ভব কিনা? এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

https://teachingbd24.com

৬. ▶ জনাব আদনান একজন সফল ব্যবসায়ী। তার সততা, ব্যাংকের সাথে লেনদেন, সচ্ছলতা ও সুনামের কারণে একটি ব্যাংক তার আবেদনের প্রেক্ষিতে বড় অঙ্কের ঋণ মঞ্জুর করে। অপর জনাব রাকিব তার নব্য প্রতিষ্ঠিত ব্যবসায়ের জন্য ব্যাংক ঋণের আবেদন করলে উক্ত ব্যাংক জনাব রাকিবের স্থাবর সম্পত্তি জামানত হিসাবে রাখতে চায়।

ক. ব্যাংক তহবিল কী? ১

খ. ঋণ মঞ্জুরে গ্রাহকের চরিত্র গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ব্যাংকটি জনাব আদনানকে ঋণ মঞ্জুরের ক্ষেত্রে কোন বিষয়টি বিবেচনা করে ঋণ দিয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত ব্যাংকটি জনাব রাকিবের স্থাবর সম্পত্তি জামানত চাওয়ার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৭. ▶ কবির ও মামুনের কর্মস্থলী ব্যাংকে হিসাব আছে। ব্যাংক তাদের দুটি প্লাস্টিক কার্ড দেয়। তারা পিওএস-এ কেনাকাটা করতে পারে। তাদের কাছে নগদ অর্থ না থাকলেও প্লাস্টিক কার্ডের মাধ্যমে তারা কেনাকাটা করতে সক্ষম হন। এক্ষেত্রে কবিরের ব্যাংক হিসাবে টাকা থাকলেও মামুনের ব্যাংক হিসাবে টাকা ছিল না।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কী? ১

খ. স্বয়ংক্রিয় নিকাশঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. ব্যাংকের কোন প্লাস্টিক কার্ডের কারণে মামুন কেনাকাটা করতে সক্ষম হন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্লাস্টিক কার্ড দুটোর মধ্যে কোন কার্ডটির সুযোগ-সুবিধা তুলনামূলক বেশি? বিশ্লেষণ করো। ৪

খ বিভাগ: বিমা

৮. ▶ 'অগ্রগতি' নামে একটি লঞ্চ পদ্মা নদীতে ডুবে যায়। লঞ্চটির মালিক লঞ্চটির মূল্য ৫০ লাখ টাকা নির্ধারণ করে বিমা করেছিলেন। লঞ্চটির মালিক বিমা দাবি পেশ করেন। বিমা প্রতিষ্ঠান দাবির যৌক্তিকতা বিবেচনা করে সম্পূর্ণ ক্ষতিপূরণ দেয়। উল্লেখ্য, লঞ্চটি বিমা প্রতিষ্ঠান দাবি করার পর মালিক তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে তা দিতে বাধ্য হয়।

ক. বিমা কী? ১

খ. বিমাযোগ্য স্বার্থ বিমা ব্যবসায়ে গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে বিমাগ্রহীতা কোন প্রকার নৌ বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও লঞ্চ মালিকের উদ্ধারকৃত লঞ্চ হস্তান্তরে অস্বীকৃতি যৌক্তিক ছিল কি? মতামত দাও। ৪

৯.▶ জনাব পলাশ ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমা চুক্তি করেন। পাঁচ (৫) বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থ্যের কারণে তার বিমাপত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা প্রতিষ্ঠানকে জানান এবং প্রিমিয়াম আদায়ের জন্য আবেদন করেন।

ক. পুনর্বিমা কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব পলাশ কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেছেন? ব্যাখ্যা দাও। ৩

ঘ. উদ্দীপকের জনাব পলাশ বিমা প্রতিষ্ঠানের কাছে প্রিমিয়াম ফেরত পাওয়ার অধিকারী হবেন কি? বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব শিহাব পারভেজ তার গুদামের মালামালের প্রকৃত মূল্য ৫০ লক্ষ টাকার স্থলে ৪০ লক্ষ টাকা স্থির করে বিমা প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন। চুক্তির শর্ত অনুযায়ী অগ্নিনির্বাপক ব্যবস্থা ও অবকাঠামোগত সংস্কারের কথা থাকলেও জনাব শিহাব পারভেজ গুরুত্ব দেননি। অবহেলার কারণে গুদামের মালামাল অগ্নিকাণ্ডে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। জনাব শিহাব পারভেজ বিমা প্রতিষ্ঠানের কাছে ক্ষতিপূরণ দাবি করলে বিমা প্রতিষ্ঠান তা প্রত্যাখান করে।

ক. মূল্যায়িত বিমাপত্র কী? ১

খ. অগ্নিজনিত ক্ষতি বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বিমা প্রতিষ্ঠান জনাব শিহাব পারভেজকে বিমা দাবি পরিশোধে অস্বীকৃতি জানানোর যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১১.▶ করিম সাহেবের এলাকায় প্রায় প্রতি বছরই বন্যা, খরা, চুরি, ডাকাতি এবং পোকামাকড়ের কারণে তার ফসলের ক্ষতি হয়। এ কারণে তিনি ব্যাপক আর্থিক ক্ষতির সম্মুখীন হন। উক্ত ক্ষতি থেকে বাঁচার জন্য তিনি একটি বিমা প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হন।

ক. দায় বিমা কী? ১

খ. গবাদিপশু বিমা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের করিম সাহেব কোন ধরনের বিমাপত্র গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের করিম সাহেব যে বিমাপত্র গ্রহণ করেছেন তা দেশের অর্থনৈতিক উন্নয়নে কীরূপ ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড : ২ ৯ ৩

সময় ঃ৩০ মিনিট পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. কোন বিমার মাধ্যমে বিমা ব্যবসায়ের যাত্রা শুরু হয়?
ক অগ্নিবিমা খ জীবন বিমা
গ নৌ বিমা ঘ পশু বিমা

২. কোনটি আঞ্চলিক ব্যাংক?
ক ফেডারেল রিজার্ভ সিস্টেম
খ বিশ্ব ব্যাংক
গ এশিয়ান উন্নয়ন ব্যাংক
ঘ ব্যাংক এশিয়া

৩. যে কথকি সম্পত্তির দখল ঋণগ্রহীতার কাছে থাকে তাকে বলে—
ক সাধারণ বন্ধক খ স্থায়ী বন্ধক
গ ভাসমান বন্ধক ঘ দখলহীন বন্ধক

৪. বাংলাদেশ ব্যাংক কোন ধরনের প্রতিষ্ঠান?
ক বেসরকারি ব্যাংক খ স্বায়ত্তশাসিত ব্যাংক
গ বিশেষায়িত ব্যাংক ঘ আন্তর্জাতিক ব্যাংক

৫. কোন চেকের অর্থ ব্যাংকের মাধ্যমে সংগ্রহ করা হয়?
ক বাহক চেক খ দাগকাটা চেক
গ হুকুম চেক ঘ উপহার চেক

৬. অনেকগুলো ব্যাংক একটা হোল্ডিং কোম্পানির অধীনে থাকলে তাকে কী বলে?
ক মিশ্র ব্যাংক খ কেন্দ্রীয় ব্যাংক
গ গ্রুপ ব্যাংক ঘ একক ব্যাংক

৭. বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ কোনটি?
ক সিকিউরিটি ক্রয়-বিক্রয় খ পরামর্শ দান
গ বিনিয়োগ ঘ আমানত সংগ্রহ

৮. কোনটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক?
ক বাংলাদেশ ব্যাংক
খ বাংলাদেশ কৃষি ব্যাংক
গ সোনালী ব্যাংক
ঘ ডাচ বাংলা ব্যাংক লিমিটেড

৯. বাংলাদেশ ব্যাংকের কাজ হলো—
i. নোট ইস্যু করা ii. ঋণ নিয়ন্ত্রণ করা
iii. মূলধন গঠন করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. বিমাপত্র চালাতে অসমর্থ হলে বিমা প্রতিষ্ঠান বিমা গ্রহীতাকে যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?
ক বোনাস খ বৃদ্ধি
গ সমর্পণ মূল্য ঘ মুনাফা

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।
গড়াই ব্যাংকের ম্যানেজার সংগৃহীত আমানতের একটা বড়ো অংশ ঋণ হিসেবে প্রদান করেন। ফলে ব্যাংকটি আর্থিক সংকটে পড়ে।

১১. গড়াই ব্যাংকের ম্যানেজার ব্যাংকের কোন নীতি অনুসরণ করেননি।
ক মুনাফার নীতি খ তারল্য নীতি
গ নিরাপত্তা নীতি ঘ সঞ্চয় নীতি

১২. উদ্দীপকের ব্যাংকটির কী করণীয় ছিল?
ক ঋণ প্রদান না করা
খ কেন্দ্রীয় ব্যাংকের পরামর্শ নেওয়া
গ বিনিয়োগ নীতি অনুসরণ করা
ঘ বিশেষায়িত ব্যাংকের পরামর্শ নেওয়া

উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব নুরুযান তার পরিবারের কথা চিন্তা করে পদ্মা লাইফ ইন্স্যুরেন্স ও যমুনা লাইফ ইন্স্যুরেন্সে ১০ লক্ষ টাকা করে দুটি বিমা চুক্তি সম্পাদন করে।

১৩. উদ্দীপকে উল্লিখিত বিমাপত্রটি কোন ধরনের বিমাপত্র?
ক মৃত বিমা খ পুনঃবিমা
গ স্বাস্থ্য বিমা ঘ যুগ্ম বিমা

১৪. ২ টাকা ও ৫ টাকার নোট ইস্যু করে কে?
ক বাণিজ্যিক ব্যাংক খ কেন্দ্রীয় ব্যাংক
গ অর্থ মন্ত্রণালয় ঘ বিশেষায়িত ব্যাংক

উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শফিক একজন ব্যবসায়ী। তার ব্যাংকে ৫ লক্ষ টাকা জমা আছে। অতিরিক্ত অর্থ প্রয়োজন হওয়ায় তিনি ব্যাংক থেকে ৭ লক্ষ টাকা উত্তোলন করেন।

১৫. জনাব শফিক ব্যাংক থেকে কোন ধরনের ঋণ সংগ্রহ করেছেন?
ক সাধারণ ঋণ খ নগদ ঋণ
গ জমাতিরিক্ত ঋণ ঘ ব্যবসায় ঋণ

১৬. ঋণ গ্রহণে জনাব শফিকের কোন ধরনের আমানত বিবেচিত হয়েছে?
ক স্থায়ী সম্পত্তি বন্ধক
খ পণ্যদ্রব্য বন্ধক
গ অতিরিক্ত আমানত ঘ ব্যক্তিক আমানত

Teachingbd24.com

১৭. কাগজী মুদ্রামান ব্যবস্থায় বৈদেশিক বিনিময় হার নির্ধারিত হয়—
i. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্ব
ii. চাহিদা ও যোগান তত্ত্ব
iii. স্বর্ণমান পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. বিভিন্ন স্থানে সংরক্ষিত সম্পত্তির একটা বিমাপত্র গৃহীত হলে তাকে কী বলে?
ক গড়পড়তা বিমাপত্র
খ ভাসমান বিমাপত্র
গ উন্মুক্ত বিমাপত্র
ঘ ঘোষণাযুক্ত বিমাপত্র

১৯. MICR কোনটির সাথে সম্পৃক্ত?
ক ক্রেডিট কার্ড খ ডিসকার্ড
গ ডেবিট কার্ড ঘ চেক

২০. অগ্নিজনিত ক্ষতির নৈতিক ঝুঁকি হলো—
i. শত্রু কর্তৃক অগ্নিসংযোগ
ii. অসতর্কতা
iii. অগ্নি নির্বাপক ব্যবস্থার অভাব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আরিফ একজন কৃষক। প্রতি বছর বন্যা, অতি বৃষ্টির কারণে তার ফসলের ব্যাপক ক্ষতি হয়। এ ক্ষতির হাত থেকে বাঁচার জন্য তিনি বিমা করেন।

২১. জনাব আরিফ ক্ষতিপূরণের জন্য কোন ধরনের বিমা করেছিলেন?
ক দায় বিমা খ গবাদিপশু বিমা
গ শস্য বিমা ঘ হিমাগার বিমা

২২. উদ্দীপকে উল্লিখিত ঝুঁকিটি কোন ধরনের ঝুঁকি?
ক ব্যক্তিগত ঝুঁকি খ আর্থিক ঝুঁকি
গ ব্যবসায়িক ঝুঁকি ঘ প্রাকৃতিক ঝুঁকি

২৩. অপ্রাকৃতিক নৌ বিপদ কোনটি?
ক সামুদ্রিক ঝড়
খ সমুদ্রে নিমজ্জিত পাহাড়ের সাথে ধাক্কা
গ ভাসমান বরফখণ্ডের সাথে ধাক্কা
ঘ নাবিকের অসতর্কতা

২৪. কোনটি ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি?
ক ব্যাংক হার নীতি
খ জমার হার পরিবর্তন নীতি
গ ঋণের বরাদ্দকরণ নীতি
ঘ খোলাবাজার নীতি

২৫. বাণিজ্যিক ব্যাংক কোনটি ইস্যু করে?
ক প্রত্যয়পত্র খ ব্যাংক নোট
গ সরকারি নোট ঘ ট্রেজারি বিল

২৬. নৌ বিমার ব্যত্ত শর্ত কোনটি?
ক জাহাজের সমুদ্র চলাচল যোগ্যতা
খ সমুদ্রযাত্রার বৈধতা
গ সমুদ্রযাত্রার সুনির্দিষ্ট তারিখ
ঘ যাত্রাপথ পরিবর্তন না করা

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শাহেদ এমন একটি ব্যাংক হিসাব খুলতে চান যেখানে সব ধরনের ব্যাংকিং সুবিধা আছে। পাশাপাশি ব্যাংক থেকে তিনি এমন একটা কার্ড পান, যেটি দ্বারা তিনি যেকোনো সময় অর্থ উত্তোলন ও পণ্য কিনতে পারেন।

২৭. জনাব শাহেদ যে ব্যাংকে হিসাব খুলতে চান সেটি কোন ধরনের ব্যাংক?
ক একক ব্যাংক খ শাখা ব্যাংক
গ চেইন ব্যাংক ঘ গ্রুপ ব্যাংক

২৮. অন লাইন সুবিধার পাশাপাশি শাহেদ যে সুবিধা প্রত্যাশা করেছেন সেটি হলো—
i. ডেবিট কার্ড ii. ক্রেডিট কার্ড
iii. ব্যাংকের আজ্ঞাপত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. ব্যাংক কর্তৃক চেকের অর্থ পরিশোধ না করাকে ব্যাংকের ভাষায় কী বলে?
ক অনিয়মিত খ প্রত্যাবর্তন
গ প্রত্যাহার ঘ প্রত্যাখান

উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব অবিরের একজন ব্যবসায়ী। তিনি স্থানীয় বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপকের পরামর্শ নিয়ে একটি উপযুক্ত ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত নেন।

৩০. জনাব অবিরের জন্য কোন ধরনের হিসাব উপযুক্ত হবে?
ক সঞ্চয়ী হিসাব খ চলতি হিসাব
গ স্থায়ী হিসাব ঘ ঋণ আমানতী হিসাব

উত্তর																														
	১	গ	২	গ	৩	খ	৪	ক	৫	ক	৬	গ	৭	ক	৮	গ	৯	ক	১০	গ	১১	খ	১২	গ	১৩	ক	১৪	গ	১৫	গ
	১৬	ঘ	১৭	ক	১৮	খ	১৯	ঘ	২০	ঘ	২১	গ	২২	ঘ	২৩	ঘ	২৪	গ	২৫	ক	২৬	গ	২৭	খ	২৮	ক	২৯	ঘ	৩০	খ

Teachingbd24.com